Royal College of Anaesthetists

Association of Paediatric Anaesthetists of Great Britain and Ireland

# জেনারেল অ্যানেস্থেশিয়া

## তরুণদের জন্য একটি গাইড

### জেনারেল অ্যানেস্থেশিয়া

জেনারেল অ্যানেস্থেশিয়া হল একটি ওষুধ (বা অনেক সময় একটি চেতনা নাশক গ্যাস) যা আপনার অ্যানেস্থেটিস্ট যখন ব্যবহার করেন তা গভীর ঘুমের মতো একটি অবস্থা তৈরি করে, যে সময়ে আপনি কিছু দেখতে, শুনতে বা অনুভব করতে পারেন না। এর মানে হল যে আপনি অচেতন অবস্থায় রয়েছেন এবং চেতনানাশকের প্রভাব শেষ না হওয়া পর্যন্ত আপনি জেগে উঠতে পারবেন না। অস্ত্রোপচার (সার্জারি) এবং কিছু স্বাস্থ্য পরীক্ষা সহ অনেক চিকিৎসাপ্রক্রিয়ার জন্য জেনারেল অ্যানেস্থেশিয়া অপরিহার্য।

### অ্যানেস্থেশিয়া দল

অ্যানেস্থেটিস্ট হল সেই সব ডাক্তার যাঁদের চেতনানাশক ওষুধ ব্যবহারের মাধ্যমে মানুষকে অস্ত্রোপচার এবং/বা পরীক্ষার সময় আরামে ও নিরাপদে রাখার বিশেষ প্রশিক্ষণ আছে। প্রক্রিয়া শুরুর আগে আপনি এবং আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারী একজন অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাত করবেন। প্রক্রিয়ার পরে অ্যানেস্থেটিক এবং বেদনা মুক্তির উপায় নিয়ে তারা আপনার সঙ্গে একটি পরিকল্পনায় সম্মত হবেন। আপনার যেকোন প্রশ্নের উত্তর দিতে পারলে তারা খুশি হবেন। অস্ত্রোপচার চলাকালীন বা পরীক্ষার সময় অন্যান্য কর্মীগণও অ্যানেস্থেটিস্টকে সাহায্য করবেন, উদাহরণস্বরূপ অ্যানেস্থেশিয়া অ্যাসোসিয়েট, অপারেটিং ডিপার্টমেন্ট প্র্যাকটিশনার (অনেক সময় "ওপিডি" নামে ডাকা হয়) এবং থিয়েটার নার্স।

চিকিৎসা প্রক্রিয়ার কয়েক সপ্তাহ বা কয়েক দিন আগে একটি অস্ত্রোপচার-পূর্ব মূল্যায়ন ক্লিনিকে আপনাকে আমন্ত্রণ জানানো হতে পারে। এখানে একজন নার্স আপনার স্বাস্থ্য সম্পর্কে প্রশ্ন করবেন এবং প্রয়োজন হতে পারে এমন যেকোন পরীক্ষার ব্যবস্থা করবেন। আপনি এবং আপনার অভিভাবক বা পরিচর্যাকারীর যদি কোন প্রশ্ন থাকে, তা জিজ্ঞেস করার জন্য এটি আরেকটি সুযোগ।

### সম্মতি

আপনার পরিচর্যার জন্য একটি পরিকল্পনা ঠিক করতে অ্যানেস্থেটিস্ট আপনার এবং আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারীর সাথে কাজ করবেন। পরিকল্পনাটি নিয়ে আলোচনা করা এবং তাতে সম্মত হওয়ার আগে কিছুই শুরু করা হবে না। আপনি যত খুশি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন যাতে যা ঘটছে তার সবকিছু আপনি বুঝতে পারেন এবং পরিকল্পনায় 'সম্মতি দেন' (রাজি হন)। আপনার পরিচর্যায় প্রস্তাবিত পরিকল্পনায় রাজি থাকলে আপনি অথবা আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারী একটি সম্মতিপত্রে স্বাক্ষর করবেন। আপনি নিজে যদি আপনার সম্মতিপত্রে স্বাক্ষর করার জন্য পর্যাপ্ত

বয়স্ক না হন তাহলে আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারীকে আপনার অস্ত্রোপচারের জন্য সম্মতি দিতে হবে। আপনার বয়স বাড়ার সাথে-সাথে আপনি এই সিদ্ধান্তগুলিতে আপনার মতামত প্রকাশ করতে সক্ষম হবেন।

নিচে আপনি শিশু এবং যুবকদের সম্মতি সম্পর্কে আরও পড়তে পারেন:
ইংল্যান্ড: https://bit.ly/NHS-consent
স্কটল্যান্ড: https://bit.ly/NHSinform-consent.

# আপনার অ্যানেস্থেটিকের জন্য প্রস্তুত হওয়া

## আপনার স্বাস্থ্য

- অ্যানেস্থেটিক নেওয়ার পূর্বে আপনার যতটা সম্ভব সুস্থ থাকা জরুরী। চেতনানাশকের আগে জীবনযাপনে স্বাস্থ্যকর পরিবর্তন আপনাকে দ্রুত আরোগ্যলাভে সহায়তা করবে।
- যদি সম্ভব হয় তাহলে অস্ত্রোপচারের ছয় সপ্তাহ আগে থেকে পরোক্ষ ধূমপান অথবা ভেপিং এড়িয়ে চলুন। এটাও জরুরি যে, আপনি নিজে ধূমপান বা ভেপ ব্যবহার করবেন না। সম্ভব হলে বাসার কেউ ধূমপান করে থাকলে তাঁদের কে এই সময়টাতেতে ঘরের বাইরে গিয়ে ধূমপান করার বা ভেপ ব্যবহার করার অনুরোধ করুন। অস্ত্রোপচারের কিছুদিন আগে ধূমপান ছেড়ে দেওয়া বা কমিয়ে দেওয়া আপনার হাসপাতালে অবস্থানের সময়কাল কে কমাতে পারে এবং ক্ষত নিরাময় এবং ফুসফুসের কার্যকারিতা কে উন্নত করতে পারে।
- অস্ত্রোপচারের আগের দিন এবং সপ্তাহগুলিতে আপনার অ্যালকোহল পান করা উচিত নয়। অত্যধিক অ্যালকোহল আপনার লিভারের সঠিকভাবে কার্য করার ক্ষমতা কে কম করতে পারে, যার ফলে আপনার নিরাময় ও আরোগ্য লাভের গতি কম হতে পারে।
- আপনার নিজের নিরাপত্তার জন্য আপনি কোন গর্ভনিরোধক বড়ি বা নেশাজাতীয় ওষুধ বা সম্পূরক কিছু নেন কিনাতা অ্যানেস্থেটিস্ট জানতে চাইবেন।
- আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে ধূমপান, মদ্যপান এবং নেশাজাতীয় ওষুধ সম্পর্কে জিজ্ঞেস করলে অনুগ্রহ করে সত্যি কথা বলুন। আমরা জানি যে এই বিষয়গুলো নিয়ে কথা বলা বিব্রতকর, তাই আপনি যদি আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারীর সামনে কথা বলতে না চান, তাহলে আপনার অ্যানেস্থেটিস্টকে জানান যে আপনি একা কথা বলতে চান। সত্যি কথা বলার মানে এই নয় যে আপনি সমস্যায় পড়বেন!
- আপনার যদি অস্ত্রোপচার করা হয়, তাহলে আপনার খাদ্যতালিকা এবং সুস্থতার স্তরের দিকেও নজর দেওয়া উচিত। অস্ত্রোপচারের জন্য অপেক্ষা করতে-করতে আপনি সেই সময়টাকে নিজেকে সবচেয়ে ভাল আকৃতিতে নিয়ে আসার জন্য কাজে লাগাতে পারেন, যাতে আপনি দ্রুত আরোগ্যলাভ করতে পারেন এবং স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারেন। আপনি আমাদের ওয়েবসাইটে অস্ত্রোপচারের প্রস্তুতি সম্পর্কে আরও তথ্য জানতে পারেন যা এখানে বিভিন্ন ভাষায় পাওয়া যায়: www.rcoa.ac.uk/patientinfo/translations#languages.
- আপনার যদি কোন দীর্ঘমেয়াদি চিকিৎসা সংক্রান্ত সমস্যা থাকে, অস্ত্রোপচারের আগে আপনি বা আপনার অভিভাবক বা পরিচর্যাকারীর উচিত আপনার সাধারণ চিকিৎসক (GP) বা বিশেষজ্ঞ ডাক্তারের সাথে যোগাযোগ করা এবং আপনি চেতনানাশক নিতে যাচ্ছেন সেটি তাঁদের কে জানানো। হাসপাতালে থাকা অবস্থায় আপনাকে যতটা সম্ভব নিরাপদে রাখতে আপনি এবং আপনার অ্যানেস্থেটিস্ট কী কী পদক্ষেপ নিতে পারেন তা নিয়ে তাঁদের সাথে আলোচনা করতে পারেন।
- আপনি নিয়মিত যেসব ওষুধ খান সেগুলো সাথে করে হাসপাতালে নিয়ে আসুন। কোনও ওষুধ খাওয়া বন্ধ করার প্রয়োজন হলে হাসপাতালের কর্মীরা আপনাকে তা জানাবেন।

- সম্ভব হলে আপনার অ্যালার্জির তথ্য খুঁজে বের করুন অথবা পরিবারের কোন সদস্যের চেতনানাশক দেওয়ায় সমস্যা হয়েছিল কিনা জানুন যাতে আপনি আপনার অ্যানেস্থেটিস্টকে তা জানাতে পারেন।
- ১২ বছর বয়সের বেশি যেকোন মেয়ে যাদের মাসিকধর্ম শুরু হয়েছে তাদের প্রস্রাবের নমুনা সংগ্রহ করে গর্ভাবস্থা পরীক্ষা করা স্বাভাবিক। এর কারণ হল, গর্ভাবস্থা, এমনকি প্রারম্ভিক গর্ভাবস্থা, কিছু চেতনানাশকের কাজ করার পদ্ধতিকে প্রভাবিত করতে পারে, তাই অ্যানেস্থেটিস্টকে এ সম্পর্কে জানতে হবে। কিছু কিছু চিকিৎসা এবং পরীক্ষা-নিরীক্ষা অনাগত শিশুরও ক্ষতি করতে পারে। ডাক্তার এবং নার্সরা বোঝেন এ নিয়ে আলোচনা করাটা একটা সংবেদনশীল বিষয় হতে পারে, তাই সবচেয়ে নিরাপদ ও নিরপেক্ষ উপায় হল প্রত্যেককে পরীক্ষা করা। হাসপাতালের কর্মীরা এই পরীক্ষাগুলি খুব দ্রুত এবং খুব বিচক্ষণতার সাথে করতে অভ্যস্ত।

  আরও তথ্য এখানে পাওয়া যাবে:
  https://flipbooks.leedsth.nhs.uk/LN005583.pdf.

## চেতনানাশকের আগে খাওয়া ও পান করা

- অপারেশনের কতক্ষণ আগে খাওয়া ও পান করা বন্ধ করতে হবে সে ব্যাপারে হাসপাতাল থেকে আপনাকে পরিষ্কার নির্দেশনা দেওয়া হবে।
- আপনার নিরাপত্তার জন্য এই নির্দেশনাগুলো অনুসরণ করা গুরুত্বপূর্ণ। অ্যানেস্থেটিকের সময় আপনার পাকস্থলীতে খাবার বা অতিরিক্ত তরল থাকলে এগুলো গলায় উঠে আসতে পারে এবং ফুসফুসে যেতে পারে। যা আপনার ফুসফুসের শ্বাসরোধ বা গুরুতর ক্ষতির কারণ হতে পারে। আপনাকে সাধারণত স্বল্প পরিমাণে পরিষ্কার তরল পান করতে উৎসাহিত করা হবে (সাধারণত জল বা পাতলা স্কোয়াশ) – এটা আপনার চেতনানাশকের সময় ঘনিয়ে আসা পর্যন্ত নিরাপদ।

## পরিধান

- ঢিলেঢালা এবং আরামদায়ক কাপড় পরুন যেটা পরে সহজে ধোয়া যায়। হাসপাতালে আসার জন্য নতুন বা মূল্যবান পোশাক পরা থেকে বিরত থাকুন।
- পায়জামা, হাওয়াই চটি এবং/অথবা ড্রেসিং গাউন নিয়ে আসার দরকার হবে কি না জিজ্ঞেস করুন।
- বাড়ি ফেরার আগে পরার জন্য কাপড় আনুন।
- আপনাকে হাসপাতাল থেকে দেওয়া গাউন পরতে বলা হতে পারে।
- ধাতব পদার্থ না থাকলে আপনি অপারেশন থিয়েটারে সাধারণত ব্রা-সহ আপনার বেশীরভাগ অন্তর্বাসই পরে থাকতে পারবেন, তবুও এ ব্যাপারে নার্সের সাথে কথা বলুন। অস্ত্রোপচার বা পরীক্ষার সময় অনেক ক্ষেত্রে অন্তর্বাস খোলার দরকার হতে পারে।
- অস্ত্রোপচারের স্থানে চুল থাকলে শল্যচিকিৎসক অনেক সময় সেগুলো শেভ করে ফেলতে পারেন, তবে এ ব্যাপারে তাঁরা আপনাকে সাধারণত আগেই জানিয়ে রাখবেন।
- অস্ত্রোপচারের আগে আপনাকে হাঁটু সমান ইলাস্টিক মোজা পরতে বলা হতে পারে। এটা আপনার পায়ের আশেপাশে রক্ত চলাচলে সাহায্য করে এবং রক্ত জমাট বাঁধা রোধ করে।

### অলংকার ও মেক আপ

- যদি সম্ভব হয় তাহলে আপনার অলংকার এবং কানের দূল বা নাকের নথ ইত্যাদি অনুগ্রহ করে বাসায় রেখে আসুন। আপনি আপনার অলংকারগুলো খুলতে না পারলে, সেগুলো টেপ দিয়ে মুড়ে দেওয়া হবে যাতে সেগুলোর এবং আপনার ত্বকের কোনও ক্ষতি না হয়।
- অনুগ্রহ করে মেক-আপ, কৃত্রিম চোখের পাতা এবং যেকোন ধরনের নখের সজ্জা (কৃত্রিম নখ, জেল, অ্যাক্রাইলিক, নেল-পলিশ ইত্যাদি) পরা এড়িয়ে চলুন। আপনি ঘুমিয়ে থাকার সময় কৃত্রিম চোখের পাতা আপনার চোখের ক্ষতি করতে পারে এবং নখের সজ্জা নিরীক্ষণের সরঞ্জামগুলিকে সঠিকভাবে পর্যবেক্ষণ করা থেকে বিরত রাখতে পারে। এগুলি হাসপাতালের কর্মীদের অপসারণ করতে হতে পারে এবং এর জন্য আপনার চিকিৎসা বিলম্বিত হতে পারে।

### সময় কাটানো

- প্রায়ই অনেকক্ষণ অপেক্ষা করতে হয়।
- সময় কাটানোর জন্য কিছু নিয়ে আসুন (যেমন বই, ম্যাগাজিন অথবা আপনার মোবাইল ফোন)। অনুগ্রহ করে আপনার হেডফোন ও চার্জার আনতে ভুলবেন না।
- অনুগ্রহ করে অপেক্ষা করার সময় ধূমপান করবেন না বা চুইং গাম চিবোবেন না, এবং খাওয়া ও পান করার নির্দেশনা সতর্কতার সাথে মেনে চলুন।

## অ্যানেস্থেটিক নেওয়া

- সাধারণত অপারেশন থিয়েটারের পাশের কক্ষে অ্যানেস্থেটিস্ট আপনাকে চেতনানাশক দেবেন, ঐ কক্ষটিকে অ্যানেস্থেটিক রুম বলা হয়। মাঝেমাঝে এগুলো ওই কক্ষেই করা হতে পারে যেখানে অস্ত্রোপচার বা পরীক্ষা করা হবে।
- সাধারণত একটি ক্যানুলার মাধ্যমে ওষুধ প্রয়োগ করে অ্যানেস্থেটিস্ট আপনার চেতনানাশের প্রক্রিয়া শুরু করবেন (এটি সম্পর্কে আরও তথ্য জানতে নিচে দেখুন)। এছাড়াও তিনি আপনাকে নিঃশ্বাসের মাধ্যমে একটি গ্যাস গ্রহণ করতে বলতে পারেন যেটার গন্ধ অনেকটা ফেল্ট-টিপ (মার্কার) কলমের মতো, তবে এটা সচরাচর করা হয় না। আপনার অ্যানেস্থেটিস্ট আপনার এবং আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারীর সাথে আপনার জন্য যে পদ্ধতি সবচেয়ে ভালো হবে তা নিয়ে আলোচনা করবেন।
- চেতনানাশক দেওয়ার সবচেয়ে দ্রুত পদ্ধতি হল ক্যানুলার মাধ্যমে ওষুধ প্রদান। আপনি নিঃশ্বাসের সাথে গ্যাসটি নেওয়ার পর ঘুমিয়ে পড়লে আপনার শরীরে একটি ক্যানুলা সংযুক্ত করা হবে, যাতে অ্যানেস্থেটিস্ট প্রক্রিয়া চলাকালীন এটির মাধ্যমে আপনাকে আরও চেতনানাশক, ব্যথানাশক বা অন্যান্য ওষুধ দিতে পারেন। দুটি প্রক্রিয়াতেই অচেতন হওয়ার আগে আপনার নিজেকে হালকা (বিহ্বল) মনে হবে।
- আপনি চাইলে আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারী আপনি ঘুমিয়ে পড়া পর্যন্ত আপনার সাথে থাকতে পারেন। এরপর, তাঁরা প্রতীক্ষাকক্ষে বা ওয়ার্ডে অপেক্ষা করতে পারেন। অথবা, আপনার শরীরে অ্যানেস্থেটিক কাজ শুরু করার সময় একজন নার্স আপনার সাথে থাকতে পারেন।

### ক্যানুলা

- ক্যানুলা হল একটি সরু, নরম প্লাস্টিকের নল যা সাধারণত হাতের পিছনের অংশের শিরায় লাগানো হয়।

- ক্যানুলা লাগানোর পরে আপনার হাতের পিছনের অংশে অস্বস্তি কমানোর জন্য আপনাকে একটি অনুভূতিনাশক ক্রিম বা একটি বিশেষ ধরণের কোল্ড স্প্রে দেওয়ার প্রস্তাব করা হতে পারে।
- ক্যানুলা স্থাপনের জন্য একটি পাতলা সুই ব্যবহার করা হবে এবং সাথে সাথে সরিয়ে ফেলা হবে।
- ক্যানুলা স্থাপন করা হয়ে গেলে সুই ছাড়াই এর মাধ্যমে ওষুধ প্রয়োগ করা যাবে। অনেকসময় এর কারণে কিছুটা ঠাণ্ডা, শিহরণ বা মৃদু অস্বস্তি লাগতে পারে।
- ব্যাথানাশক, তরল বা অন্য ওষুধ প্রয়োগ করা লাগতে পারে বিধায় অপারেশনের পরেও সাধারণত আপনার ক্যানুলা লাগানো থাকে।

## অ্যানেস্থেটিকের সময়

- একজন অ্যানেস্থেটিস্ট সবসময় আপনার সাথে থাকবেন।
- অ্যানেস্থেটিস্টের কাজ হল অস্ত্রোপচার শেষ না হওয়া পর্যন্ত আপনাকে অচেতন রাখতে আপনার নিরাপত্তা নিশ্চিত করা, আপনাকে যথেষ্ট পরিমাণে চেতনানাশক ও ব্যাথানাশক দেওয়া।
- অ্যানেস্থেটিস্ট আপনাকে পুরো অস্ত্রপোচারের সময় জুড়ে খুব কাছ থেকে পর্যবেক্ষণ করেন (যার মধ্যে আপনার রক্তচাপ, হৃদস্পন্দন এবং শ্বাস-প্রশ্বাসও অন্তর্ভুক্ত)।

## প্রক্রিয়া শেষে জেগে ওঠা

- অস্ত্রোপচার এবং পরীক্ষা বিভিন্ন দৈর্ঘ্যের হয়ে থাকে, তবে প্রক্রিয়া শেষ হওয়ার পরই অ্যানেস্থেটিস্ট আপনাকে চেতনানাশক ওষুধ দেওয়া বন্ধ করবেন। এটা আপনাকে আনুমানিক পাঁচ মিনিট পর জাগিয়ে তুলবে।
- আপনি সম্ভবত আরোগ্য-কক্ষে জেগে উঠবেন, তবে আপনার প্রথম কয়েক মিনিটের কথা মনে না-ও থাকতে পারে অথবা কোথায় আছেন তা বুঝতে সমস্যা হতে পারে। অপারেশন থিয়েটার দলের একজন প্রশিক্ষিত কর্মী বিশেষ করে আরোগ্য নার্স আপনার দেখাশোনা করবেন।

- প্রক্রিয়ার পরে আপনি কীরকম অনুভব করবেন সেটা আপনার নেওয়া চেতনানাশকের উপর নির্ভর করবে। কিছু মানুষের গলা ব্যাথা বা গলা শুকিয়ে যাওয়া, মাথা ব্যাথা, বা খানিকটা ঘুমানোর অনুভূতি হতে পারে। আপনার অ্যানেস্থেটিস্ট সাধারণত আপনাকে অসুস্থ বোধ করা বা হওয়া প্রতিরোধ করার জন্য ওষুধ দেবেন, তবে আপনি কিছু পান করা বা খাওয়ার পরও ভাল বোধ করবেন। কখনও কখনও আপনি একটু ঠান্ডা বা কাঁপুনি অনুভব করতে পারেন। যদি তাই হয়, তাহলে আপনাকে গরম অনুভব করানোর জন্য একটি কম্বল দেওয়া হবে।

### ব্যাথা উপশম

- ব্যাথা প্রতিরোধ ও দূর করা গুরুত্বপূর্ণ, এবং কিছু মানুষের (এবং কয়েক ধরণের অপারেশনের ক্ষেত্রে) অন্যদের চেয়ে বেশি বেদনানাশকের দরকার হতে পারে।
- ব্যাথা বেশি বাড়ার আগেই এর চিকিৎসা করা সহজ, তাই আপনার খারাপ লাগলে অপেক্ষা না করে সাথে সাথে আপনার নার্স বা অ্যানেস্থেটিস্টকে জানাবেন।

### ওয়ার্ডে ফিরে যাওয়া

- প্রথমে আপনি অনেক ক্লান্ত অনুভব করতে পারেন।
- আপনার কোন সমস্যা হলে সাহায্যের জন্য কাউকে জানান। আপনাকে একটি বেল টিপতে হতে পারে অথবা আপনার অভিভাবক বা পরিচর্যাকারীকে একজন নার্সকে ডাকতে বলুন।
- আপনি কত তাড়াতাড়ি খাওয়া খেতে এবং পান করা শুরু করতে পারবেন তা আপনার প্রক্রিয়া ও আপনার নেওয়া ব্যাথানাশকের ধরণের ওপর নির্ভর করবে। আপনার নার্স বা অ্যানেস্থেটিস্ট আপনাকে এ ব্যাপারে পরামর্শ দিতে পারবেন।
- আপনার জন্য বাড়ি ফেরা নিরাপদ না হওয়া পর্যন্ত আপনি হাসপাতালে থাকবেন। অনেক প্রক্রিয়ার ক্ষেত্রে আপনি সুস্থ থাকলে এবং প্রক্রিয়া সহজ হলে আপনি একই দিনে বাড়ি যেতে পারবেন।

## আপনার চেতনানাশের সাথে সম্পর্কিত ঝুঁকিসমূহ

আধুনিক চেতনানাশকগুলি অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ ও সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। কোনও ঝুঁকির পরিমাণ আপনার ক্ষেত্রে বেশি বলে মনে হলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে অথবা আপনার অভিভাবক বা পরিচর্যাকারীর সাথে আলোচনা করবেন। চেতনানাশের সাথে সম্পর্কিত ঝুঁকি সমূহ সম্পর্কে পড়ার জন্য আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ভাষায় আরও তথ্য পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patientinfo/translations#languages.

## স্থানীয় ও আঞ্চলিক স্তরের অ্যানেস্থেশিয়া (চেতনানাশক)

- অনেক সময় আপনি আপনার অস্ত্রোপচার চলাকালীন জাগ্রত থাকতে চাইতে পারেন। এটা সম্ভব হলে, আপনার শল্যচিকিৎসক এবং/অথবা অ্যানেস্থেটিস্ট আপনার এবং আপনার অভিভাবক অথবা পরিচর্যাকারীর সাথে এটা নিয়ে আলোচনা করবেন। সেক্ষেত্রে আপনার শরীরের একটি অংশ অবশ করার জন্য আপনি স্থানিক চেতনানাশক (লোকাল অ্যানেস্থেটিক) নিতে পারেন যাতে আপনি সেখানে ব্যাথা না পান।
- আপনি যদি মনে করেন যে আপনি জেগে থাকতে চান, তাহলে আপনি আপনার পূর্বমূল্যায়নে এটি নিয়ে আলোচনা করতে পারেন।

## আরও জানতে চাইলে

- আপনি আমাদের ওয়েবসাইট থেকে আরও তথ্য পেতে পারেন যা এখানে বিভিন্ন ভাষায় পাওয়া যায়:www.rcoa.ac.uk/patientinfo/translations#languages.

### দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

চতুর্থ সংস্করণ, অক্টোবর 2024

এই প্রচারপত্র প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2024 Royal College of Anaesthetists and Association of Paediatric Anaesthetists of Great Britain and Ireland**
রোগীর তথ্য সংবলিত উপাদান তৈরি করার জন্য এই প্রচারপত্রটির প্রতিলিপি তৈরি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।